

তারবার্তা

বাংলা ব্যাংক

www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ

এসিএসপিডি সার্কুলার নং-০৩	তারিখ : ১৮ মার্চ, ২০০৮ ০৪ চৈত্র, ১৪১৪
---------------------------	--

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/  
নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান/বিআরডিবি ও বিএসবিএল।

প্রিয় মহোদয়,

**সাম্প্রতিক এভিয়ান ইনফ্লুয়েঞ্জা (বার্ড-ফ্লু) জনিত কারণে ক্ষতিগ্রস্ত পোল্ট্রি খাতের অনুকূলে  
নতুন ঋণ বিতরণ এবং বিতরণকৃত খেলাপী ঋণ পুনঃ তফসিলীকরণ প্রসঙ্গে।**

সাম্প্রতিক সময়ে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা (বার্ড-ফ্লু) জনিত কারণে পোল্ট্রি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। এ প্রেক্ষিতে ক্ষতিগ্রস্ত পোল্ট্রি খাতের পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করা জরুরি হয়ে পড়েছে বিধায় এ খাতের ক্ষতি লাঘবের স্বার্থে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :-

- ১) বার্ড-ফ্লু এ পরোক্ষ ও প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত খামারীদের অনুকূলে ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করা যেতে পারে ;
  - ২) ক্ষতিগ্রস্ত পোল্ট্রি খাতে নতুন ঋণ বিতরণের ক্ষেত্রে খেলাপী ঋণের জন্য প্রযোজ্য ডাউন পেমেন্ট এর শর্ত ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে শিথিল করে পুরাতন ঋণ পুনঃতফসিলীকরণপূর্বক দ্রুততম সময়ে নতুন ঋণ বিতরণ করা যেতে পারে ;
  - ৩) ইতোপূর্বে গৃহীত ঋণের আদায় কার্যক্রম আসলের জন্য পরবর্তী ০১(এক) বছর এবং সুদের ক্ষেত্রে পরবর্তী ০৬(ছয়) মাস এর জন্য স্থগিত রাখার বিষয়টি বিবেচনা করা যেতে পারে ;
  - ৪) কৃষি ঋণের ন্যায় এ উপ-খাতে স্বল্প সুদে ঋণ প্রদান করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে ;
  - ৫) ক্ষতিগ্রস্ত কোন পোল্ট্রির মালিক যাতে ঋণ পেতে বিলম্ব বা হয়রানির শিকার না হন, সে লক্ষ্যে ব্যাংকসমূহ যথাযথ তদারকী ব্যবস্থা গ্রহণ করবে। ইতোমধ্যে কৃষি ঋণ বিতরণের বিষয়ে ব্যাংকসমূহকে “অভিযোগ ও ঋণ তদারকী সেল” গঠনের যে নির্দেশ দেয়া হয়েছে, সে সেল এ বিষয়সমূহও নিয়মিত মনিটর করবে ;
  - ৬) পোল্ট্রি ঋণ বিতরণ কার্যক্রমের বিষয়ে তথ্য বাংলাদেশ ব্যাংককে মাসিক ভিত্তিতে (পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে) অবহিত করতে হবে।
- অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৪৭